ভোরের কাগজ ২১.০৩.১৭

# গ্রামে ঘর তৈরিতেও ছাড়পত্র লাগবে

## মুশফিক বাহিনীকে মন্ত্রিসভার অভিনন্দন

**কাগজ প্রতিবেদক :** দেশের যেকোনো ভূমি উন্নয়নের কাজে ব্যবহার করতে হলে সরকারের নির্দিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন নেয়ার বিধান যুক্ত করে নগর ও অঞ্চল পরিকল্পনা আইন' ২০১৭-এর খসড়ার নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এ ছাড়াও শ্রীলঙ্কার বিপক্ষে বাংলাদেশের শততম টেস্ট ম্যাচে বিজয়ী হওয়ায় জাতীয় ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছে মন্ত্রিপরিষদ। গতকাল সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠক শেষে সাংবাদিকদের এ তথ্য জানান মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম।

**প্রবাসীদের কল্যাণে নতুন আইন অনুমোদন :** প্রবাসীদের কল্যাণে বিশেষ দায়িত্ব দিয়ে 'প্রবাসী কল্যাণ বোর্ড আইন-২০১৭' খসড়ার নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এই বোর্ড প্রবাসীদের পরিবারের সদস্যদের কল্যাণে প্রকল্প গ্রহণ ও পরিচালনা করবে। প্রবাসী কর্মী ও তাদের পরিবারের কল্যাণে তহবিল থেকে অর্থ বরাদ্দ দেয়াসহ বিভিন্ন সুবিধা নিশ্চিত করবে এই বোর্ড। গতকাল সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম বলেন, নতুন এই আইন কার্যকরের সঙ্গে সঙ্গে ওয়েজ অনার্সসহ কল্যাণ তহবিল বিধিমালা কার্যকারিতা হারাবে। প্রবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যদের অধিকার সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করা এবং তাদের কল্যাণের জন্য এই আইন করা হয়েছে। জানা গেছে, এই বোর্ড অভিবাসীদের পরিবারের সদস্যদের কল্যাণার্থে প্রকল্প গ্রহণ ও পরিচালনা করবে, প্রবাসী কর্মী ও তাদের পরিবারের কল্যাণার্থে তহবিল থেকে অর্থ বরাদ্দ দেবে, বিদেশে বাংলাদেশ মিশনগুলোর মাধ্যমে প্রবাসীদের কল্যাণে কার্যক্রম পরিচালনা ও তত্ত্বাবধান করবে, অভিবাসী মৃত কর্মীর লাশ দেশে ফেরত আনা এবং সৎকারে সহায়তা প্রদান করবে, অসুস্থ, আহত, পঙ্গু, অক্ষম প্রবাসীদের দেশে আনা ও চিকিৎসায় সহায়তা দেবে, বিদেশে মৃত্যুবরণকারীর পরিবারকে আর্থিক সহায়তা দেবে; প্রবাসীদের মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন, ইন্স্যুরেন্সের অর্থ ও সার্ভিস বেনিফিট আদায়ে সহায়তা করবে, প্রবাসী কর্মীদের মেধাবী সন্তানদের বৃত্তি প্রদান ও তাদের আইনি সহায়তা দেবে, প্রবাসী কর্মীদের জন্য তথ্যকেন্দ্র, হাসপাতাল ও শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনা করবে। এ ছাড়া বিদেশে কর্মরত কোনো নারী অভিবাসী বিপদগ্রস্ত বা দুর্ঘটনার শিকার হলে তাকে উদ্ধার করে দেশে ফেরত আনা, চিকিৎসা ও আইনি সহায়তা প্রদান করা, দেশে প্রত্যাগত নারী অভিবাসী কর্মীদের সামাজিক ও অর্থনৈতিকভাবে পুনর্বাসন করা এবং নারী অভিবাসীদের নিরাপত্তার জন্য দেশে কিংবা বিদেশে সেফ হোম প্রতিষ্ঠা ও পরিচালনা করা হবে প্রবাসীকল্যাণ বোর্ডের কাজ।

**গ্রামে ঘর তৈরিতেও ছাড়পত্রের বাধ্যবাধকতা :** নগরের পাশাপাশি গ্রামাঞ্চলেও বাড়িঘর নির্মাণ এবং যেকোনো উন্নয়ন

➤এরপর-পৃষ্ঠা ৭ কলাম ২